

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/17/2019

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো নিউইয়র্ক স্টেট দেশের সর্বপ্রথম স্বাদমুক্ত ই-সিগারেটের উপরে নিষেধাজ্ঞা জারি করেছে বলে ঘোষণা দিয়েছেন

গভর্নর কুওমোর কাছ থেকে এই ইস্যুতে আহ্বান জানানোর নির্দেশনার পরে জনস্বাস্থ্য এবং স্বাস্থ্য পরিকল্পনা কাউন্সিল (Public Health and Health Planning Council, PHHC) জরুরী অধ্যাদেশ গ্রহণের পক্ষে ভোট দেয়

স্বাদমুক্ত ই-সিগারেট বিক্রয় নিষিদ্ধ অনতিবিলম্বে কার্যকর হয়েছে

নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথ কমিশনার ডাঃ হাওয়ার্ড জুকার মেনথল স্বাদের উপর নিষেধাজ্ঞার মূল্যায়ন করবেন এবং 14 দিনের মধ্যে সুপারিশ প্রস্তাব করবেন

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ ঘোষণা দিয়েছেন যে জনস্বাস্থ্য ও স্বাস্থ্য পরিকল্পনা কাউন্সিলের জরুরি অধ্যাদেশের উপর ভোট গ্রহণের পর, নিউইয়র্ক স্টেট দেশের প্রথম স্টেট যেটি স্বাদমুক্ত ইলেকট্রনিক সিগারেট এবং নিকোটিন ই-তরল বিক্রির উপর নিষেধাজ্ঞা কার্যকর করেছে। শিশুদের নিকোটিনে আসক্ত করার লক্ষ্যে বেশিরভাগ ক্ষেত্রেই ই-সিগারেট কোম্পানিগুলোর স্বাদ বিপণনের ফলে ভেইপ পণ্য ব্যবহার করা তরুণদের পরিমাণ বৃদ্ধির বিরুদ্ধে লড়াইয়ের ধারাবাহিকতায়, বর্তমানে কার্যকর এই নিষেধাজ্ঞাটি, সর্বশেষ পদক্ষেপ।

"এটি অনস্বীকার্য যে ভেইপিং কোম্পানিগুলো ই-সিগারেটে তরুণদের কাছে আকর্ষণীয় করার জন্য বাবলগাম, ক্যাপ্টেন ক্রাঞ্চ এবং কটন ক্যান্ডির মতো স্বাদগুলোকে ইচ্ছাকৃতভাবে ব্যবহার করছে - এটি জনস্বাস্থ্যের জন্য একটি সঙ্কট এবং এটি আজই শেষ হচ্ছে", **গভর্নর কুওমো বলেন।** "নিউ ইয়র্ক ফেডারেল সরকারের সক্রিয় হবার জন্য অপেক্ষা করছে না, এবং স্বাদমুক্ত ই-সিগারেট নিষিদ্ধ করার মাধ্যমে আমরা জনস্বাস্থ্য রক্ষা করছি এবং অগণিত অল্পবয়সী লোকেদের ব্যবহৃত, অস্বাস্থ্যকর এবং সম্ভাব্য মারাত্মক আজীবনের অভ্যাস গঠনের হাত থেকে রক্ষা করতে সহায়তা করছি।"

রবিবারে গভর্নর কুওমো এই নিষেধাজ্ঞার বিষয়ে বিবেচনার জন্য PHHC-র একটি জরুরি সভা আহ্বান করার জন্য স্বাস্থ্য বিভাগকে (Department of Health, DOH) নির্দেশনা দিয়েছেন। তিনি কিশোর-কিশোরীদের এবং শিশুদের কাছে ই-সিগারেটের প্রতারণামূলক বিপণন নিষিদ্ধ করার জন্য আইন প্রণয়নের কাজ এগিয়ে নেবেন এমন ঘোষণার পাশাপাশি, গভর্নর ফৌজদারি শাস্তির সম্ভাবনা

রেখে অপ্রাপ্ত বয়স্ক যুবকদের কাছে বিক্রি করা খুচরা বিক্রেতাদের বিরুদ্ধে অবিলম্বে আইন প্রয়োগের উদ্যোগে অংশ নেওয়ার জন্য স্টেট পুলিশ এবং DOH-কে নির্দেশনা দিয়েছেন।

2009 সালের পারিবারিক ধূমপান ও তামাক প্রতিরোধ আইনের অংশ হিসেবে, মার্কিন কংগ্রেস মেনথল এবং তামাক ব্যতিত অন্য স্বাদযুক্ত সিগারেট বিক্রি নিষিদ্ধ করেছে।

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের কমিশনার ড. হাওয়ার্ড জুকার বলেন, "নিউ ইয়র্ক স্টেটে ভেইপ পণ্য ব্যবহারকারী অল্পবয়স্ক লোকেদের উদ্বেগজনক উচ্চ সংখ্যা জনস্বাস্থ্য সংকটেরই আরেক নাম। এই বিশৃঙ্খল প্রবণতার বিরুদ্ধে লড়াই করার উদ্দেশ্যে আমরা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে পদক্ষেপগুলো নিচ্ছি এই বিধিবিধানগুলো তারই একটি অংশ। গভর্নর কুওমোর নেতৃত্বে নিকোটিন আসক্তি এবং ক্ষতিকর বিপণন রোধে আমাদের প্রচেষ্টায় আমরা আক্রমণাত্মক হয়েই থাকব।"

অল্পবয়স্ক লোকেদের মাঝে অধিকাংশ ক্ষেত্রে ই-সিগারেটের ব্যবহার নাটকীয়ভাবে স্বাদের কারণেই বৃদ্ধি পেয়েছে এবং এটিই অল্পবয়স্ক লোকেদের ই-সিগারেট শুরু করার এবং ব্যবহার করতে থাকার মূখ্য কারণ। স্বাস্থ্য দপ্তরের ডেটা অনুযায়ী, নিউ ইয়র্ক স্টেটের 12 গ্রেডের ছাত্র ছাত্রীদের মধ্যে প্রায় 40 শতাংশ এবং হাই স্কুলের ছাত্র ছাত্রীদের মধ্যে প্রায় 27 শতাংশ এখন ই-সিগারেট ব্যবহার করে, এবং এই বৃদ্ধির অন্যতম প্রধান কারণ হল সুগন্ধী ই-লিকুইড। 2018 সালে হাই স্কুলে এর ব্যবহার (27.4%) 2014 সালে এর ব্যবহারের (10.5%) থেকে 160 শতাংশ বৃদ্ধি পেয়েছে। যেখানে নিউ ইয়র্কের হাই স্কুলের শিক্ষার্থীদের ধূমপানের হার 2000 সালের 27.1% থেকে 2016 সালে 4.3% এ রেকর্ড পরিমাণ হ্রাস পেয়েছিল, সেখানে স্বাদযুক্ত ই-সিগারেটের আগ্রাসী বিপণন কৌশল সেই প্রবণতাটিকে ফিরিয়ে আনার লক্ষ্যে তৈরি হয়েছে।

ঠিক সিগারেট, সিগার এবং ধোঁয়াহীন তামাকের বাজারের মতোই স্বাদ যুক্ত করা ভেইপিং/অ্যারোসোল শিল্পের কাছে অল্পবয়স্ক লোকেদের জন্য বিপণনের একটি মূখ্য কৌশল। ই-সিগারেট বিপণন মিন্ট চকোলেট, বাবলগাম এবং চেরি কোলার মতো সুগন্ধগুলিকে হাইলাইট করে, এবং একটি ভ্রান্ত বিশ্বাস তৈরি করে যে সেগুলি ব্যবহারকারীদের জন্য ক্ষতিকারক নয়। নিউ ইয়র্ক স্টেটের 15 থেকে 17 বছর বয়সী কিশোর কিশোরী যারা বর্তমানে ইলেকট্রনিক ভেপার পণ্য ব্যবহার করে, তাদের মধ্যে 2017 সালের একটি জরিপে দেখা গেছে 19% কিশোর কিশোরী বলেছে যে স্বাদের কারণেই তারা প্রথমে একটি ই-সিগারেট চেখে দেখেছে এবং 27% বলেছে স্বাদই হল তাদের ব্যবহার চালিয়ে যাবার কারণ। গবেষণায় এও দেখা গিয়েছে যে 2016 সালে প্রায় 78% হাই স্কুল শিক্ষার্থীরা, এবং 75% মিডল স্কুলের শিক্ষার্থীরা টোবাকো-অনুকূল বিপণনের সম্মুখীন হয়েছে বলে জানিয়েছে। আমাদের অল্পবয়স্ক লোকেদের লক্ষ্যবস্তু করার জন্য এই প্রতারণামূলক এবং বিভ্রান্তিমূলক বিজ্ঞাপনগুলো রোধ করার জন্য পরবর্তী অধিবেশনে আইন উত্থাপন করা হবে।

স্বাস্থ্য বিভাগ সোমবার, 4 অক্টোবর থেকে স্বাদ নিষিদ্ধকরণ কার্যকর করার উদ্দেশ্যে পরিদর্শন করার পূর্বে খুচরা বিক্রেতাদেরকে আনুমানিক দুই-সপ্তাহের অতিরিক্ত সময় প্রদান করবে। স্থানীয় স্বাস্থ্য বিভাগ এবং বিভাগের জেলা অফিসগুলো, স্টেট তদারকি সহ, বাস্তবায়ন পরিচালনা করবে। নিষেধাজ্ঞা লঙ্ঘনকারী খুচরা বিক্রেতার লঙ্ঘন প্রতি 2,000 মার্কিন ডলার পর্যন্ত জরিমানার

মুখোমুখি হবে, যেটি মালিকানাধীন, উৎপাদিত, বিক্রিত অথবা বিক্রয়ের জন্য উপস্থিত স্বাদযুক্ত ই-
তরল অথবা ই-তরল থাকা পণ্যের প্রতিটি ইউনিট হিসেবে সংজ্ঞায়িত।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)